[illegible]

[illegible]

**Job Category:** Security/Protective Services

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 2 Oct 2024

**Application Deadline:**31 Oct 2024

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
## ও
## চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়

কক্সবাজার।
cjmcourt.coxsbazar@gmail.com

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-১৩০১/২০২৪ তারিখঃ ১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ

'জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসি ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেসি' আদালত সমূহ (সহায়ক কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ অনুযায়ী চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কক্সবাজার-এ নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে) প্রতিটি পদের পার্শ্বে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন বাংলাশের স্থায়ী নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর<br>১১,০০০-২৬,৫৯০ (গ্রেড-১৩) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী (বিজ্ঞানে স্নাতক অগ্রাধিকারযোগ্য) এবং প্রার্থীকে অবশ্যই Operator's aptitude test এ উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | লাইব্রেরী সহকারী<br>১১,০০০-২৬,৫৯০(গ্রেড-১৩) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা প্রাপ্ত হতে হবে। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৩ | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>১০,২০০-২৪,৬৮০(গ্রেড-১৪) | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন ২য় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী। সাঁটলিপিতে নূন্যতম গতি ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ প্রতি মিনিট এবং টাইপে নূন্যতম গতি ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ প্রতি মিনিট। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | বেঞ্চ সহকারী<br>৯,৭০০-২৩,৪৯০(গ্রেড-১৫) | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৫ | স্টোর কীপার<br>৯,৩০০-২২,৪৯০(গ্রেড-১৬) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৬ | ডেসপাস্ সহকারী<br>৯,৩০০-২২,৪৯০(গ্রেড-১৬) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৭ | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক<br>৯,৩০০-২২,৪৯০(গ্রেড-১৬) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে বাংলা ২০ ও ইংরেজী ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৮ | টাইপিস্ট/কপিস্ট<br>৯,৩০০-২২,৪৯০(গ্রেড-১৬) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে বাংলা ৩০ ও ইংরেজী ৩৫ শব্দের গতি থাকতে হবে। |
| ০৯ | ড্রাইভার<br>৯,৩০০-২২,৪৯০(গ্রেড-১৬) | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে নূন্যতম ৮ম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) মোটরগাড়ী চালনার বৈধ লাইসেন্স থাকতে হবে। (গ) কক্সবাজার জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| ১০ | জারীকারক<br>৮,৫০০-২০,৫৭০(গ্রেড-১৯) | ০৫ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১ | অফিস সহায়ক<br>৮,২৫০-২০,০১০(গ্রেড-২০) | ১১ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২ | নিরাপত্তা প্রহরী<br>৮,২৫০-২০,০১০(গ্রেড-২০) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩ | মালী<br>৮,২৫০-২০,০১০(গ্রেড-২০) | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে নূন্যতম ৮ম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। বাগান পরিচর্যার কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে। |

### -ঃ শর্তাবলী ঃ-

১। প্রার্থীকে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কক্সবাজার বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) নিজ জেলা (চ) জন্মতারিখ (ছ) ৩১/১০/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ঙ) ধর্ম (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

২। আবেদনপত্র আগামী ৩১/১০/২০২৪খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে রেজিস্ট্রি ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কক্সবাজার বরাবরে পৌঁছাতে হবে।

৩। ৩১/১০/২০২৪ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর হতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ হলে তার বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য (সংশ্লিষ্ট কর্তৃপক্ষের স্বাক্ষরিত প্রত্যয়নসহ দাখিল করতে হবে)। বয়সের ক্ষেত্রে কোনো হলফনামা গ্রহনযোগ্য হবেনা।

৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-
ক. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি।
খ. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাঁটলিপি/কম্পিউটার কোর্সের সনদপত্রের অনুলিপি।
গ. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
ঘ. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঙ. স্থানীয় সিটিকর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।
চ. প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
ছ. প্রার্থীর সঠিক নাম ঠিকানাসহ ২০/-(বিশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সম্বলিত ৯.৫ × ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।
জ. লিগ্যাল সাইজের ৮০ গ্রাম অফসেট সাদা কাগজ ২০ (বিশ)টি।
ঝ. "পরীক্ষার ফি" বাবদ ছকে বর্ণিত ১ থেকে ৮নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ৯ থেকে ১৩নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা সোনালী ব্যাংক এর ট্রেজারী চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ নম্বর কোডে জমা প্রদান করতঃ চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৬। ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।
৭। প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।
৮। মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবেনা।
১০। খামের উপরে অবশ্যই পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
১১। বিজ্ঞাপিত পদের সংখ্যা প্রয়োজনে কম/বেশী করার এবং এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১২। প্রচলিত নিয়োগবিধি/কোটা সংক্রান্ত সরকার এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে। নির্ধারিত পরীক্ষায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শূন্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে।
১৩। ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহৃত হতে হবে।
১৪। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১৫। যেকোন প্রকারের তদ্বীর বা অনুরোধ প্রার্থীর অযোগ্যতা মর্মে গন্য হবে এবং প্রার্থীতা বাতিল করা হবে।
১৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।
ভিজিট করুন- https://coxsbazar.judiciary.gov.bd/admin/judiciary/content/notice

স্বা/-
**(আবদুল্লাহ আল মামুন)**
সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
ও
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
কক্সবাজার।